



গবেষণা পেপার

আইএফডি শুধুমাত্র ইংরেজি এবং বাংলাতে গবেষণা পেপার প্রকাশ করবে। আইএফডি মূলত দুই ধরনের গবেষণা পেপার প্রকাশ করবে:

- আইএফডি এক্সক্লুসিভ পেপার সিরিজ, এবং
- আইএফডি পলিসি পেপার সিরিজ

আইএফডি এক্সক্লুসিভ পেপার সিরিজ

এই সিরিজের আওতায় যে সকল পেপার প্রকাশিত হবে, তাতে একটি সমস্যার চুলচেরা বিশ্লেষণ করে এর সমাধানের পথ বাতলে দেয়া হবে। যেহেতু এই ধরনের পেপার তৈরিতে ব্যাপক ভিত্তিক গবেষণার প্রয়োজন রয়েছে, সেহেতু এই ধরনের পেপার ঘন ঘন প্রকাশ করা হবে না। এই সিরিজের আওতায় মূলত নতুন আইডিয়া প্রকাশ করা হবে।

আইএফডি পলিসি পেপার সিরিজ

এই সিরিজের পেপারগুলোতেও একইরকমভাবে একটি সমস্যার বিশ্লেষণের মাধ্যমে তার সমাধান প্রস্তাব করা হবে, তবে এই আইডিয়াগুলোকে পুরোপুরি নতুন বলা যাবে না। বরং বাংলাদেশের প্রেক্ষাপটে উপযোগী অন্যান্য দেশের আইডিয়াই মূলত এই সিরিজে আলোচনা করা হবে।

তবে গবেষণা পেপার ছাড়াও আইএফডি বিভিন্ন বিষয়ে তার মতামত ব্যক্ত করবে। এই মতামতগুলি প্রকাশ করা হবে আইএফডি স্পেশাল আর্টিকেল শিরোনামে। আপনার যদি কোন বিষয়ে জনমত সৃষ্টি করার ইচ্ছা থাকে, তাহলে দেশের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নে অবদান রাখবে, এমন বিষয় সম্পর্কে আপনারা আমাদের কাছে আর্টিকেল পাঠাতে পারেন। আইএফডি এই সকল আর্টিকেল পর্যালোচনা করে তা প্রকাশের ব্যবস্থা করবে।

এছাড়াও বিভিন্ন সম্ভাবনাময় তরুণ চিন্তাবিদদেরকে চিন্তাশীল কর্মকাণ্ডে উৎসাহিত করার জন্য আইএফডি নোট সিরিজের আওতায় ইংরেজি এবং বাংলা ভাষায় আইএফডি নোট প্রকাশ করা হবে।

©Ideas for Development (IFD)
www.ideasfd.org, ideasfd@gmail.com